# যায়যায়দিন

তারিখ: 10 SEP 2004
পৃষ্ঠা - ২ কলাম ৬

# অগ্রগতিতে প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গুরুত্ব অপরিসীম : হোসেন জিল্লুর

যাযাদি রিপোর্ট

দেশের অগ্রগতিতে প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গুরুত্ব অপরিসীম। এ গুরুত্ব বিবেচনায় রেখে এরই মধ্যে দেশে বেশ কয়েকটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে।

এ ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। এ ব্যাপারে সরকার সব রকম সুযোগ-সুবিধা দিতে প্রস্তুত। গতকাল মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে শিক্ষা ও বাণিজ্য উপদেষ্টা হোসেন জিল্লুর রহমান এ কথা বলেন।

প্রতিষ্ঠানের ফুড টেকনোলজি অ্যান্ড নিউট্রিশনাল সায়েন্স বিভাগের উদ্যোগে আয়োজিত 'ফুড প্রোসেসিং অ্যান্ড প্রিজারভেশন টেকনোলজি ফর এসএমই টু এলেভিয়েট দ্য পোভার্টি' শীর্ষক এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় হোসেন জিল্লুর রহমান দরিদ্র কৃষকদের উৎপাদিত পণ্য সংরক্ষণে লাগসই প্রযুক্তি ছড়িয়ে দেয়ার জন্য কর্মশালার আয়োজকদের প্রশংসা করেন।

প্রতিষ্ঠানের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. মনিমুল হকের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি ছিলেন উপদেষ্টা রাশেদা কে চৌধুরী। কর্মশালায় অন্যদের মধ্যে অধ্যাপক ড. কে এম ফরমুজুল হক, এ কে ওবায়দুল হক, অধ্যাপক আবু যুবায়ের উপস্থিত ছিলেন। এ সময় জিল্লুর রহমান ১০ কোটি ৩৭ লাখ টাকা ব্যয়ে ৫০০ আসনবিশিষ্ট আলেমা খাতুন ভাসানী ডরমিটরি নামে একটি ছাত্রী হলের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।